



AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

MORNING NEWS BULLETIN

BENGALI

DATE: 4 May 2026

TIME: 7:35 AM

আসাম বিধানসভার ১২৬টি আসনের নির্বাচনের ভোটগণনা আজ সকাল ৮ টা থেকে শুরু হচ্ছে। প্রথমে ডাক ব্যালট গণনার মাধ্যমে গণনা প্রক্রিয়া শুরু হচ্ছে। ভোট গণনার জন্য ৩৫ টি জেলার মূখ্য কাৰ্যালয়ে মোট ৪০ টি কেন্দ্র স্থাপিত হয়েছে। আজ ৫৯ জন মহিলা সহ ৭২২ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করা হবে। উল্লেখযোগ্য প্রার্থীদের মধ্যে রয়েছেন বিজেপির প্রবীণ নেতা তথা মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা, আসাম প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি গৌরব গগৈ, বিধানসভার অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারী, বিরোধী দলনেতা দেবব্রত শইকিয়া, এ আই ইউ ডি এফ দলের প্রধান বদর উদ্দিন আজমল, রাইজর দলের সভাপতি অখিল গগৈ, অসম জাতীয় পরিষদের সভাপতি লুরিনজ্যোতি গগৈ প্রমুখ।

এদিকে ভোট গণনা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরিচালনা করার জন্য নিরাপত্তা ব্যবস্থা কঠোর করে তোলা হয়েছে। এছাড়া ষ্ট্রংরুমগুলোর

নিরাপত্তা ব্যবস্থার প্রতি সতর্ক দৃষ্টি রাখা হয়েছে। ভোটগণনা প্রক্রিয়া নিরীক্ষণের জন্য ১২৬ জন গণনা পর্যবেক্ষক নিয়োগ করা হয়েছে এবং এই প্রক্রিয়ায় ৫ হাজার ৯শ ৮১ জন গণনা আধিকারিক ও দু হাজার ৩শ ৪৭ জন মাইক্রো অবজারভার নিয়োগ করা হয়েছে। প্রতিটি বিধানসভা কেন্দ্রের ভোটদানের হারের ওপর ভিত্তি করে ১৫ থেকে ২৮ টি রাউন্ডে গণনা করা হবে। এদিকে বিধানসভা নির্বাচনের ভোটগণনা ও ফলাফল ঘোষণার প্রতি লক্ষ্য রেখে আগাম সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে জেলা প্রশাসনের পক্ষ থেকে বেশকিছু নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। জেলা প্রশাসনের অনুমতি ছাড়া শোভাযাত্রা বের করা, বাজী ফাটানো, এবং মাইক বাজানোর ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। এছাড়া ভোট গণনা কেন্দ্রের একশ মিটার ব্যাসার্ধের মধ্যে ৫ জন বা ততোধিক লোকের সমাবেশ, লাউড স্পিকারের ব্যবহার করার ক্ষেত্রে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। ভোটগণনার পরিপ্রেক্ষিতে আজ রাজ্যজুড়ে ড্রাই ডে ঘোষণা করা হয়েছে।

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে আজ ভোট গণনা প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সব ধরনের প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। জেলা আয়ুক্ত আয়ুষ গর্গ ইতিমধ্যে জানান যে আজ শিলচর রামনগর আন্ত রাজ্য ট্রাক টার্মিনাসে স্থাপন করা- স্ট্রং রুম ও গণনা কেন্দ্রে সকাল ৮টা থেকে প্রথমে ডাক ব্যালট ও সকাল সাড়ে ৮টা থেকে ই ভি এম-এর ভোট গণনা শুরু হবে। জেলা আয়ুক্ত শ্রীগর্গ জানান যে জেলার সাতটি বিধানসভা কেন্দ্রের ভোট গণনা এক সঙ্গে অনুষ্ঠিত হবে এবং প্রতিটি বিধানসভা কেন্দ্রে ১৪টি করে টেবিল থাকবে। একমাত্র কাটিগড়া বিধানসভা কেন্দ্রে ২১ রাউন্ডে ভোট গণনা সম্পূর্ণ করা

হবে । বাকী বিধানসভা কেন্দ্রগুলিতে ১৬ থেকে ১৭ রাউন্ডে গননা সম্পূর্ণ হবে বলে জেলা আয়ুক্ত জানিয়েছেন ।

কাছাড় জেলায় গননা প্রক্রিয়ায় ৭শ জন গননা কর্মী সহ পাঁচশ জন নিরাপত্তা কর্মীকে নিয়োজিত করা হয়েছে বলে জেলা আয়ুক্ত জানান ।

শ্রীভূমি জেলার চারটি বিধানসভা আসনের মধ্যে উত্তর করিমগঞ্জ , দক্ষিণ করিমগঞ্জ ও রামকৃষ্ণনগর বিধানসভা আসনে ১৪টি টেবিলে এবং পাথারকান্দি আসনে ১২টি টেবিলে ভোট গননা করা হবে । নির্বাচন কমিশনের নতুন নির্দেশিকা অনুযায়ী গননা কক্ষে প্রবেশের জন্য কিউ আর কোডযুক্ত পরিচয় পত্র বাধ্যতামূলক করা হয়েছে । শুধুমাত্র প্রার্থী , তাদের নির্বাচনী প্রতিনিধি , নির্ধারিত সরকারী আধিকারীক এবং কাউন্টিং এজেন্টদের প্রবেশের অনুমতি দেওয়া হবে । কাউন্টিং এজেন্টদের সকাল সাড়ে সাতটার মধ্যে প্রবেশ করতে বলা হয়েছে । নির্ধারিত সময়ের পর কাউকে আর প্রবেশ করতে দেওয়া হবে না । ভোট গননাকে কেন্দ্র করে নিরাপত্তা ব্যবস্থা কঠোর করা হয়েছে । গননা কেন্দ্র ও স্ট্রং রুম এলাকায় ত্রিস্তরীয় নিরাপত্তা ব্যবস্থা থাকবে বলে জানানো হয়েছে ।

শ্রীভূমি জেলার চারটি বিধানসভা আসনের ভোটগণনা শ্রীভূমি শহরের করিমগঞ্জ কলেজে অনুষ্ঠিত হবে । এখানেও ভোটগণনা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে গণনা কেন্দ্র এবং তার পাশ্ববর্তী এলাকায় জারি করা নির্ধারিত বিধি নিষেধ কার্যকর থাকবে । এছাড়া শহরে যানবাহন চলাচল স্বাভাবিক রাখতে শ্রীভূমি জেলা পুলিশের যানবাহন নিয়ন্ত্রণ শাখা থেকে কিছু নিষেধাজ্ঞা জারি করা হয়েছে । সে অনুসারে আজ সকাল ৬ টা থেকে

ভোটগণনা শেষ না হওয়া পর্যন্ত শহরের সত্তর বাজার পয়েন্ট থেকে এওসি পয়েন্ট পর্যন্ত সড়কে সবধরনের যানবাহন চলাচল বন্ধ থাকবে। শিলচর থেকে আসা গাড়ী ও নিলামবাজারের দিক থেকে আসা গাড়ী সুভাষনগর হয়ে যাবে। লাতু, লঙ্গাই, ফকিরা বাজার থেকে আসা গাড়ীগুলো সত্তর বাজার, চর বাজার হয়ে যাবে। এছাড়া আজ করিমগঞ্জ কলেজের সম্মুখে সড়ক ও ফুটপাথের দুই পাশে কোনো ধরনের দোকান বসানো যাবে না।

হাইলাকান্দি জেলার দুটি বিধানসভা আসনের ভোটগণনা হাইলাকান্দি শহরের ভি এম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের অনুষ্ঠিত হবে।

আসাম বিধানসভা নির্বাচনের ভোটগণনার পরিপ্রেক্ষিতে আকাশবানী শিলচর কেন্দ্রের আঞ্চলিক সংবাদ বিভাগ আজ সকাল ৯ টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত এক ঘন্টা পর পর বিশেষ নির্বাচনী সংবাদ প্রচার করবে। এছাড়াও বেলা ১২ টা বেজে পাঁচ মিনিট থেকে রাজ্যের বিধানসভা নির্বাচন, ভোট গণনা প্রক্রিয়া, ফলাফল এবং পরবর্তী সরকার গঠন সংক্রান্ত বিশেষ আলোচনা শোনা যাবে।

.....

.....